

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
স্বাস্থ্য শাখা
শ্রম ভবন, ১৯৬, শহীদ নজরুল ইসলাম স্মরণী, বিজয়নগর, ঢাকা -১০০০


www.dife.gov.bd

নম্বর: ৪০.০১.০০০০.১০৪.০৬.০০২.২০-- ৪৯

তারিখ: ১৩ ফেব্রুয়ারি, ২০২০ইং

বিষয়: চিত্রাঙ্কন প্রতিযোগিতার জন্য প্রতিযোগী মনোনয়ন।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় বিভিন্ন কার্যক্রম গ্রহণ করেছে। তন্মধ্যে আগামী ১৭ ই মার্চ, ২০২০ জাতীয় শিশু দিবস উদযাপন উপলক্ষে আলোচনা সভা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজনের উদ্যোগ নেওয়া হয়েছে। চিত্রাঙ্কন প্রতিযোগিতায় ৩টি ক্যাটাগরিতে (ক. অনূর্ধ্ব ৮ বছর বয়সী শিশু; খ. ০৮-১২ বছর বয়সী শিশু; গ. ১২-১৬ বছর বয়সী শিশু) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এবং শ্রম অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণের শিশুরা এবং বিজিএমইএ ও লেদার সেক্টরে কর্মরত শ্রমিক/কর্মচারীগণের শিশুরা অংশগ্রহণ করবে। চিত্রাঙ্কন প্রতিযোগিতা আগামী ১৪ই মার্চ, ২০২০ তারিখে শ্রম ভবন, ১৯৬ শহীদ নজরুল ইসলাম স্মরণী, বিজয়নগর অনুষ্ঠিত হবে। উক্ত প্রতিযোগিতায় ৩টি ক্যাটাগরিতে ৫ জন করে মোট ১৫ জন প্রতিযোগীকে বিজয়ী ঘোষণা করা হবে। আলোচ্য অবস্থায়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয় এবং উপমহাপরিদর্শকের কার্যালয়, ঢাকা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর – এ কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণের চিত্রাঙ্কন প্রতিযোগিতায় আগ্রহী শিশুকে মূল প্রতিযোগিতায় অংশগ্রহণ করার জন্য সংযুক্ত ফরমে প্রয়োজনীয় কাগজ পত্র সহ পূরণকৃত আবেদনপত্র আগামী ২০ ফেব্রুয়ারি, ২০২০ তারিখের মধ্যে জনাব মো: মতিউর রহমান, উপমহাপরিদর্শক (স্বাস্থ্য) - এর নিকট জমা প্রদান করার জন্য অনুরোধ করা হল।



শিবনাথ রায়

মহাপরিদর্শক

ফোন: ০২-৮৩৯১৩৪৮

ফ্যাক্স: ০২-৮৩৯১৪২৫

ইমেইল: chiefdife@gmail.com

অনুলিপি: সদয় কার্যার্থে প্রেরণের জন্য)

- ১। অতিরিক্ত মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।
- ২। যুগ্মমহাপরিদর্শক (সকল), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।

- ৩। উপমহাপরিদর্শক (সকল), প্রধান কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।
- ৪। উপমহাপরিদর্শক, উপমহাপরিদর্শকের কার্যালয়, ঢাকা, ২৯, পুরান পল্টন ঢাকা।
- ৫। সহকারী মহাপরিদর্শক (সকল), প্রধান কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।
- ৬। শ্রম পরিদর্শক (সকল), প্রধান কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।
- ৭। ১০-২০ তম গ্রেডের সকল কর্মকর্তা ও কর্মচারী (সকল), প্রধান কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।